



খাগড়াছড়ির অস্থিরতায় প্রতিবেশী দেশ ও ফ্যাসিস্ট চক্রের ইন্ধন: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, প্রতিবেশী দেশ ও ফ্যাসিবাদের দোসররা খাগড়াছড়িতে অস্থিরতা সৃষ্টির চেষ্টা করছে। দুর্গাপূজা কেন্দ্র করে শান্তিপূর্ণ পরিবেশ নষ্টের ষড়যন্ত্র চলছে, তবে সরকার সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছে।

সোমবার (২৯ সেপ্টেম্বর) রাজধানীর রমনায় ডিএমপি'র পাঁচটি থানার ভবন নির্মাণ কাজের উদ্বোধন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ মন্তব্য করেন স্বরাষ্ট্র উপদেষ্টা। তিনি বলেন, “একটি মহল চায় দুর্গাপূজা শান্তিপূর্ণভাবে না হোক। তারা খাগড়াছড়িতে অস্থিরতা তৈরি করছে। প্রতিবেশী দেশ কিংবা ফ্যাসিবাদী শক্তির ইন্ধনেই এ ধরনের ঘটনা ঘটছে। আমরা বিষয়টি খুব গুরুত্বের সঙ্গে দেখছি। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক উপদেষ্টা স্থানীয় নেতাদের সঙ্গে আলোচনা করছেন।”

স্বরাষ্ট্র উপদেষ্টা আরও জানান, পাহাড়ে কিছু সন্ত্রাসী গুলি ছুঁড়েছে, আর এসব অস্ত্র বাইরের দেশ থেকেই আসে। এ সময়ের সমাধানে সবার সহযোগিতা প্রয়োজন বলে তিনি উল্লেখ করেন।

দুর্গাপূজা প্রসঙ্গে তিনি বলেন, “আমাদের অন্যতম বড় ধর্মীয় উৎসব শুরু হয়েছে। এই সময়ে যেন কেউ বিশৃঙ্খলা তৈরি না করে বা রাস্তা অবরোধ না করে। পূজা নির্বিঘ্নে সম্পন্ন করতে সবাইকে সহায়তা করতে হবে।”

পর্যটক নিরাপত্তা প্রসঙ্গে তিনি জানান, পাহাড়ে আটকে পড়া পর্যটকদের অধিকাংশকেই ইতোমধ্যে নিরাপদে ফিরিয়ে আনা হয়েছে।